৯। কর রেয়াত।– [১][(১) করযোগ্য পণ্যের সরবরাহকারী, ব্যবসায়ী বা করযোগ্য সেবা প্রদানকারী প্রতি কর মেয়াদে তৎকর্তৃক সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার উপর প্রদেয় উৎপাদ করের (output tax) বিপরীতে, নিম্নবর্ণিত ক্ষেত্র ব্যতীত, উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন, যথা ঃ -

(ক) অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

(খ) টার্ণওভার করের আওতাভুক্ত করদাতার নিকট হইতে সংগৃহীত উপকরণের উপর পরিশোধিত টার্ণওভার কর;

(গ) পণ্য উৎপাদন বা সেবা প্রদানে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত সম্পূরক শুল্ক ;

(ঘ) প্রথমবার ব্যতীত অন্য কোন দফায় পুনঃ ব্যবহারযোগ্য মোড়কের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

(ঙ) করযোগ্য পণ্য উৎপাদন বা করযোগ্য সেবা প্রদানের সহিত সরাসরি সম্পৃক্ত হইলেও কোন দালান-কোঠা বা অবকাঠামো বা স্থাপনা নির্মাণ, সুষমীকরণ, আধুনিকীকরণ, [২][প্রতিস্থাপন, সম্প্রসারণ,] পুনঃসংস্কারকরণ ও মেরামতকরণ, সকল প্রকার আসবাবপত্র, ষ্টেশনারী দ্রব্যাদি, এয়ারকন্ডিশনার, ফ্যান, আলোক সরঞ্জাম, জেনারেটর ইত্যাদি ক্রয় বা মেরামতকরণ, স্থাপত্য পরিকল্পনা ও নক্শা [৩][, যানবাহন, ইত্যাদি ভাড়া বা লীজ গ্রহণ,] ইত্যাদির সহিত সংশ্লিষ্ট পণ্য এবং সেবার উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

[৪][(চ) করযোগ্য পণ্য উৎপাদন বা সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের সহিত সম্পৃক্ত, বিধি দ্বারা নির্ধারিত, বিভিন্ন পণ্য ও সেবা এবং উহাদের উপর পরিশোধিত মূল্য সংযোজন করের হারের অতিরিক্ত মূল্য সংযোজন কর।]

(ছ) ভ্রমণ, আপ্যায়ন, কর্মচারীর কল্যাণ ও উন্নয়নমূলক কাজের ব্যয়ের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর;

[৫][(ছছ) ধারা ৫ এর –

(অ) উপ-ধারা (২) এ উল্লিখিত পণ্যের করযোগ্য মূল্য ভিত্তির মধ্যে অন্তর্ভুক্ত নয় এমন [৬][****] উপকরণের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর;

(আ) উপ-ধারা (২) এর দ্বিতীয় শর্তাংশে উল্লিখিত ব্যবসায়ী কর্তৃক ক্রয়কৃত উপকরণের উপর পরিশোধিত উপকরণ কর;]

(জ) ধারা ৫ এর উপ-ধারা (৪) এর বিধান অনুযায়ী কোন নির্দিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক ক্রীত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

[৭][(জজ) ধারা ৫ এর উপ-ধারা (৪ক) এ উল্লিখিত ব্যবসায়ী কর্তৃক ক্রয়কৃত উপকরণের উপর পরিশোধিত উপকরণ কর;]

(ঝ) ধারা ৫ এর উপ-ধারা (৭) এর বিধান অনুযায়ী নির্ধারিত ট্যারিফ মূল্যের ভিত্তিতে পণ্য সরবরাহকারী কর্তৃক পরিশোধিত মূল্য সংযোজন কর;

[৮][(ঞ) পণ্যের সরবরাহকারী, ব্যবসায়ী বা সেবা প্রদানকারীর নিবন্ধন সংখ্যা ব্যতীত অন্য কোন নিবন্ধন সংখ্যা সম্বলিত বিল অব এন্ট্রি বা চালানপত্রে উল্লিখিত উপকরণ কর;] এবং

[৯][(ট) অন্যের অধিকারে, দখলে বা তত্ত্বাবধানে রক্ষিত পণ্যের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর;

(ঠ) বিধি দ্বারা নির্ধারিত ক্রয় হিসাব পুস্তকে অন্তর্ভুক্ত নয়, এমন উপকরণের উপর পরিশোধিত মূল্য

---

[১]। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৯(ক) বলে উপ-ধারা (১) এর পরিবর্তে নতুন উপ-ধারা (১) প্রতিস্থাপিত।

[২]। অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭৫(ক)(অ) বলে "আধুনিকীকরণ," শব্দটি ও কমার পর "প্রতিস্থাপন, সম্প্রসারণ," শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

[৩]। অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫১(ক)(অ) বলে "নকশা" শব্দের পর ",যারবাহন, ইত্যাদি ভাড়া বা লীজ গ্রহণ, শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

[৪]। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৮(ক) বলে দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত।

[৫]। অর্থ আইন, ২০০৩ (২০০৩ সনের ১৭ নং আইন) এর ধারা ৩৮(ক) বলে উপ-ধারা (১) এর দফা (ছছ) এর পরিবর্তে নতুন দফা (ছছ) প্রতিস্থাপিত।

[৬]। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৬(ক)(অ) বলে দফা (ছছ) এর উপ-দফা (অ) তে উলি-খিত "ম—ল্য বা" শব্দগুলি বিলপ্ত।

[৭]। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮০(ক)(আ) বলে উপ-ধারা (১) এর দফা (জ) এর পর দফা (জজ) সন্নিবেশিত।

[৮]। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৮(খ) বলে দফা (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঞ) প্রতিস্থাপিত।

[৯]। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৬(ক)(আ) বলে দফা (ট) এর পরিবর্তে চারটি নতুন দফা (ট), (ঠ), (ড) এবং (ঢ) প্রতিস্থাপিত।

সংযোজন কর;

(ড) ব্যাংক গ্যারান্টির মাধ্যমে খালাসকৃত উপকরণের ক্ষেত্রে যে কারণে ব্যাংক গ্যারান্টি গ্রহণ করা হইয়াছে, তাহা চূড়ান্তভাবে নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ব্যাংক গ্যারান্টির অংশের সাথে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর; এবং

(ঢ) পণ্য বা সেবার উপকরণের ক্রয় মূল্য এক লক্ষ টাকা বা তদুর্ধ্ব হইলে এবং উহার সমুদয় বা আংশিক ক্রয় মূল্য ব্যাংকিং বা ইলেকট্রনিক মাধ্যম ব্যতিত পরিশোধিত হইলে, সেক্ষেত্রে উক্ত ক্রয় মূল্যের উপর পরিশোধিত উপকরণ কর ঃ

তবে শর্ত থাকে যে, উপকরণের সাথে সংযুক্ত দলিলাদি করদাতা তাহার অধিকারে পাওয়া সত্ত্বেও যুক্তিসঙ্গত কোন কারণে একই কর মেয়াদে সমুদয় উপকরণ তাহার উৎপাদন, সরবরাহ বা সেবা প্রদানস্থলে প্রবেশ করাইতে ব্যর্থ হইলে অথবা ভুলবশতঃ একই করমেয়াদে রেয়াত গ্রহণে অসমর্থ হইলে উক্ত উপকরণ উৎপাদন, সরবরাহ বা সেবা প্রদানস্থলে সম্পূর্ণভাবে প্রবেশ করানো সাপেক্ষে পরবর্তী দুইটি করমেয়াদের যে কোন তারিখে উক্ত উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে।]

[১০][(১ক) মূলধনী যন্ত্রপাতির ক্ষেত্রে উপকরণ কর রেয়াত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গ্রহণ করিতে হইবে।]

[১১][(২) উপ-ধারা (১) এ বর্ণিত ক্ষেত্রসমূহে উপকরণ কর রেয়াত গ্রহণের অধিকার না থাকা সত্ত্বেও কোন ব্যক্তি উক্তরূপ কর রেয়াত গ্রহণ করিলে সংশ্লিষ্ট কর্মকর্তা, ধারা ৩৭ এ যাহা কিছুই থাকুক না কেন, গৃহীত রেয়াত নাকচ করিয়া চলতি হিসাব বা দাখিলপত্রে প্রয়োজনীয় সমন্বয় সাধনের নির্দেশ দিতে পারিবেন।]

[১২][(২ক) এই আইনের অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, উপ-ধারা (২) এর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নির্দেশের ফলে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি, উক্ত নির্দেশের বিরুদ্ধে নির্দেশ প্রদানের তারিখ হইতে পনের কার্যদিবসের মধ্যে, উক্ত কর্মকর্তার ঊর্ধ্বতন মূল্য সংযোজন কর কর্মকর্তার নিকট লিখিত আপত্তি দাখিল করিতে পারিবেন।]

(২খ) উপ-ধারা (২ক) এর অধীন কোন লিখিত আপত্তি দাখিল করা হইলে, উক্ত কর্মকর্তা লিখিত আপত্তি দাখিলের তারিখ হইতে [১৩][পনের কার্যদিবসের] মধ্যে আপত্তি দাখিলকারী ব্যক্তিকে শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদানপূর্বক, উহা নিষ্পত্তি করিবেন এবং উক্ত কর্মকর্তার অনুরূপ কোন আদেশ চূড়ান্ত হইবে।]

(৩) করযোগ্য পণ্যের সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকারী কোন ব্যক্তি যিনি মূল্য সংযোজন কর আরোপযোগ্য নহে এমন পণ্যও সরবরাহ করেন বা এমন সেবাও প্রদান করেন তিনি মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য প্রস্তুতে বা উৎপাদনে বা প্রদত্ত সেবায় মোট উপকরণের যে পরিমাণ ব্যবহৃত হইয়াছে সেই পরিমাণের অনুপাতে উৎপাদ করের বিপরীতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

[১৪][(৪) করযোগ্য পণ্যের সরবরাহকারী বা করযোগ্য সেবা প্রদানকরাী বা ব্যবসায়ী কর্তৃক মূল্য সংযোজন কর পরিশোধিত উপকরণ উৎপাদনস্থল, সেবা প্রদান বা ব্যবসায়স্থলে সংরক্ষনকালে ক্ষতিগ্রস্থ বা ধ্বংসপ্রাপ্ত হইলে উক্ত ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্থ পণ্যের উপকরণ কর বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিষ্পত্তিযোগ্য হইবে।]

---

[১০]। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৯(খ) বলে উপ-ধারা (১ক) এর পরিবর্তে নতুন উপ-ধারা (১ক) প্রতিস্থাপিত।

[১১]। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৯(গ) বলে উপ-ধারা (২) এর পরিবর্তে নতুন উপ-ধারা (২) প্রতিস্থাপিত।

[১২]। অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫১(খ) বলে উপ-ধারা (২ক) এর পরিবর্তে উপ-ধারা (২ক) প্রতিস্থাপিত।

[১৩]। অর্থ অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১০ নং অধ্যাদেশ) এর ধারা ৬০ বলে "সাত কার্যদিবসের" শব্দগুলির পরিবর্তে "পনের কার্যদিবসের" শব্দগুলি প্রতিস্থাপিত।

[১৪]। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৮০(খ) বলে উপ-ধারা (৩) এর পর উপ-ধারা (৪) সন্নিবেশিত।